যে ব্যক্তি মারা গেল অথচ তার ওপর রয়েছে সাওম, তার অভিভাবক তার পক্ষ থেকে সাওম পালন করবে।

আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত, “যে ব্যক্তি মারা গেল অথচ তার
ওপর রয়েছে সাওম, তার অভিভাবক তার পক্ষ থেকে সাওম পালন করবে।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা সংবাদ দেন যে, কোনো ব্যক্তি মারা গেল অথচ তার জিম্মায় ফরয সিয়াম, যেমন মান্নত, কাফফারা বা রমযানের সাওয়ামের কাযা বাকি রয়েছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার অভিভাবকদের নির্দেশ দেন যে, তারা যেন তার পক্ষ থেকে সাওম পালন করে। কারণ, এটি তার ওপর ঋণ। আর তার নিকটাত্মীয়গণ তার পক্ষ থেকে তার জিম্মায় থাকা ফরয আদায় করার বেশি হকদার। কারণ, এটি তার প্রতি ইহসান, হিতাকাঙ্খিতা ও আত্মীয়তার হক। তবে এ আদেশটি পালন করা মুস্তাহাব, ওয়াজিব নয়।

https://sunnah.global/hadeeth/bn/show/4530